# ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

ডিজিএম (এইচ আর), সিকিউরিটি, ডিপিডিসি

এবং

নির্বাহী পরিচালক, আড্‌মিনিস্‌ট্রেইশন এন্ড এইচ.আর, ডিপিডিসি
এর মধ্যে স্বাক্ষরিত

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২৩- ৩০ জুন, ২০২৪

# প্রস্তাবনা (Preamble)

ডিপিডিসি'র প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ডিজিএম (এইচআর), সিকিউরিটি, ডিপিডিসি

এবং

নির্বাহী পরিচালক, আডমিনিস্ট্রেইশন এন্ড এইচআর, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এর মধ্যে ২০২৩ সালের জুলাই মাসের ২৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

দপ্তরের প্রধান কার্যাবলি (Functions):

- সিকিউরিটি অপারেশন্স শাখাঃ

✓ ডিপিডিসি'র আওতাধীন কেপিআইভুক্ত স্থাপনাসহ অন্যান্য দপ্তর/স্থাপনা, ভাড়ার ও আবাসিক এলাকার নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে উল্লিখিত দপ্তর/স্থাপনাসমূহকে প্রধান প্রকৌশলী এনওসিএস (নর্থ/সেন্ট্রাল/সাউথ) এর ভৌগোলিক এলাকায় ০৩ (তিন)টি লটে বিভক্ত করে আউট সোর্সিং এর মাধ্যমে নিরাপত্তা প্রহরী নিয়োজন ও নিরাপত্তা কার্যক্রম তদারকি করা।

✓ ডিপিডিসি'র বিভাগীয় নিরাপত্তা প্রহরীদের বদলী/পদায়ন করার ক্ষেত্রে ডিজিএম, ইএম (অ্যাডমিন) দপ্তরকে যাচিত সহায়তা প্রদান করা ও তাদের কার্যক্রম তদারকি করা।

✓ বোর্ডসভার অনুমোদন সাপেক্ষে ডিপিডিসি'র বিভিন্ন গুরুত্বপূর্ণ উপকেন্দ্র/স্টোর/দপ্তরে সশস্ত্র আনসার নিয়োজন/প্রত্যাহার, নিয়োজিত আনসারদের মেয়াদ হ্রাস/বৃদ্ধি, কার্যক্রম তদারকি এবং তাদের বেতন-ভাতা প্রদানসহ বিভিন্ন প্রশাসনিক কাজে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী দপ্তরকে যাচিত সহায়তা প্রদান করা।

✓ ডিপিডিসি'র সকল চুক্তিভিত্তিক এমপ্লয়িকে এবং প্রয়োজনানুযায়ী আউট সোর্সড এমপ্লয়িদেরকে পরিচয়পত্র প্রদান করা ও দর্শনার্থীদের জন্য ভিজিটর পাসের ব্যবস্থা করা।

✓ চাহিদা অনুযায়ী বিভিন্ন দপ্তরে টেন্ডার কার্যক্রম সুষ্ঠু ও নিরাপত্তার সাথে সম্পন্ন করতে প্রয়োজনীয় ক্ষেত্রে পুলিশ মোতায়েনসহ নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা এবং ডিপিডিসি কর্তৃক আয়োজিত বিশেষ প্রোগ্রামসমূহে প্রয়োজনানুযায়ী অতিরিক্ত নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা।

✓ ডিপিডিসি'র আওতাধীন কেপিআই স্থাপনাসমূহে কেপিআই জরিপ কমিটি কর্তৃক পরিচালিত জরিপ সভায় অংশগ্রহণ এবং সুপারিশ বাস্তবায়নে সংশ্লিষ্ট স্থপনা/দপ্তরসমূহকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা।

- সিকিউরিটি ইন্টেলিজেন্স, সারভেইল্যান্স এন্ড টেকনোলোজি শাখাঃ

✓ ডিপিডিসি'র সকল চুক্তিভিত্তিক এমপ্লয়ি, সিএসএস/ডিএসএস সহ প্রয়োজনীয় ক্ষেত্রে অন্যান্য এমপ্লয়ির ইলেক্ট্রনিক হাজিরা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন দপ্তর/স্থাপনায় বায়োমেট্রিক ফিঙ্গারপ্রিন্ট মেশিন স্থাপন ও রক্ষণাবেক্ষণ কাজ পরিচালনা করা।

✓ ডিপিডিসি'র বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনার নিরাপত্তা ব্যবস্থা নজরদারি করার জন্য সিসিটিভি সিস্টেম স্থাপন, রক্ষণাবেক্ষন, পর্যবেক্ষন ও সচল রাখতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা।

✓ গুরুত্ব বিবেচনায় ডিপিডিসি'র বিভিন্ন স্থাপনায় আর্চওয়ে, মেটাল ডিটেক্টর ও ভেহিকল সার্চ মিরর স্থাপন, পরিচালন ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম গ্রহণ করা।

✓ ডিপিডিসি'র বিভিন্ন দপ্তরে অগ্নিকান্ড প্রতিরোধে অগ্নি-নির্বাপক যন্ত্র সরবরাহ, রিফিল এবং অগ্নি মহড়া পরিচালনা করা।

✓ কেপিআই জরিপ কমিটি কর্তৃক সুপারিশকৃত ইলেক্ট্রনিক/যান্ত্রিক নিরাপত্তা সংক্রান্ত সুপারিশসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহায়তা প্রদান করা।

## ডেপুটি জেনারেল ম্যানেজার (এইচ.আর), সিকিউরিটি দপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

ডিজিএম (এইচ আর), সিকিউরিটি, ডিপিডিসি দপ্তরটি পূর্বতন তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিকিউরিটি, সেফটি এন্ড এনভায়রনমেন্ট দপ্তর বিলুপ্ত করে ২০১৭ খ্রিস্টাব্দের শেষ দিকে সৃজন করা হয়েছে এবং গত ০১-০৭-২০১৮ খ্রি. হতে দপ্তরটি নতুন নামে পূর্ববর্তী দপ্তরের প্রায় সকল কার্যক্রমসহ তার পথচলা শুরু করেছে। বর্তমান দপ্তরের বিগত ৩ বছরে ডিপিডিসিতে নির্মিত সকল বিদ্যুৎ উপকেন্দ্রসহ অন্যান্য গুরুত্বপূর্ণ দপ্তর/স্থাপনায় মোট ১৯৮ জন সশস্ত্র আনসার, ১২৮ জন বিভাগীয় নিরাপত্তা প্রহরী ও ৪৩০ জন আউটসোর্সিং নিরাপত্তা প্রহরী নিয়োজন করা হয়েছে। ডিপিডিসিতে নবনিযুক্ত ৪০ জন সিকিউরিটি গার্ডকে বুনিয়াদী প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ট্রেনিং এন্ড ডেভেলপমেন্ট দপ্তরকে প্রশিক্ষণসূচী প্রনয়ণ, প্রশিক্ষক প্রদানসহ সার্বিক সহায়তা প্রদান করা হয়েছে। ডিপিডিসি'র প্রায় ৩৫০০ চুক্তিভিত্তিক এমপ্লয়ীর প্রক্সিমিটি আইডি কার্ড পত্র প্রদান করা হয়েছে। ডিপিডিসি'র সকল চুক্তিভিত্তিক এমপ্লয়ী, ডিএসএস এবং সিএসএস এমপ্লয়ীদের ইলেক্ট্রনিক হাজিরা নিশ্চিত করতে বিভিন্ন দপ্তর/স্থাপনায় মোট ১০৩ টি বায়োমেট্রিক ফিঙ্গারপ্রিন্ট মেশিন স্থাপন করা হয়েছে। নিরাপত্তা ব্যবস্থা যান্ত্রিকভাবে নজরদারির জন্য ১২৭ টি স্থাপনায় সিসিটিভি সিস্টেম স্থাপন করা হয়েছে (ক্যামেরা সংখ্যা-৮৯০টি)। অগ্নি নির্বাপণের জন্য বিভিন্ন স্থাপনায় প্রায় প্রায় ১৬১১ টি অগ্নি নির্বাপক যন্ত্র স্থাপন, ৩৭ টি স্থাপনায় অটোমেটিক ফায়ার এলার্ম ও স্মোক ডিটেক্টর স্থাপন করা হয়েছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সহায়তায় ১২ টি উপকেন্দ্রে অগ্নি নির্বাপণ মহড়ার আয়োজন করা হয়েছে। মোট ৬৮টি স্থাপনায় গ্যাস মাস্ক, গ্লাভস এবং ফায়ার ব্লাংকেট সরবরাহ করা হয়েছে। কেপিআই নিরাপত্তা নীতিমালা, ২০১৩ এর আলোকে জরিপ কমিটির সুপারিশের ভিত্তিতে ১১০৫ জন এমপ্লয়িকে এনএসআই/এসবি হতে নিরাপত্তা প্রতিপাদন (ভেটিং) সম্পন্ন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

**ক) সমস্যাসমূহ:**

১) অনেক স্থাপনায় গার্ডরুমসহ অবকাঠামোগত সুবিধা না থাকায় নিরাপত্তা ব্যবস্থা সঠিকভাবে কার্যকর করতে না পারা।

২) বৈশ্বিক মহামারী করোনা ভাইরাসের কারণে প্রায় দুই বছর যাবত লক ডাউন বা অফিস কার্যক্রম সীমিত থাকার কারণে অগ্নি নির্বাপণ মহড়া, এনএসআই হতে নিরাপত্তা বিষয়ক এবং ফায়ার সার্ভিস হতে অগ্নি নির্বাপণ বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন করতে না পারা।

৩) নিরাপত্তা কর্মীদের বিভিন্ন দপ্তরে অন্যান্য প্রশাসনিক ও ব্যক্তিগত কাজে ব্যবহার করাতে নিরাপত্তা কার্যক্রম যথাযথ না হওয়া।

৪) ভিন্ন ভিন্ন মডেল এবং টাইপের যন্ত্রাংশ ব্যবহার এবং যথাযথ স্পীডের নেটওয়ার্ক সুবিধা না থাকায় কেন্দ্রীয়ভাবে সিসিটিভি সিস্টেম মনিটরিং এর ব্যবস্থা করতে না পারা।

**খ) চ্যালেঞ্জসমূহ:**

১) বিভাগীয় নিরাপত্তা প্রহরী/সশস্ত্র আনসার সংখ্যা বৃদ্ধির মাধ্যমে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা।

২) ডিপিডিসির সকল দপ্তরে সিসিটিভি স্থাপন, রক্ষণাবেক্ষণ ও এর মাধ্যমে নিরাপত্তা ব্যবস্থা মনিটর করা।

৩) কেপিআই নিরাপত্তা নীতিমালা, ২০১৩ এর আলোকে কেপিআই জরিপ কমিটির সুপারিশমালা বাস্তবায়ন করা।

৪) পর্যায়ক্রমে কেপিআই নিরাপত্তার সাথে সংশ্লিষ্ট জনবলের পুলিশ কর্তৃক ভেটিং এবং এনএসআই কর্তৃক প্রশিক্ষণের ব্যবস্থা করা।

৫) ফায়ার ড্রিল ক্যালেন্ডার অনুযায়ী অগ্নি নির্বাপণ মহড়া সম্পন্ন করা এবং দপ্তর/স্থাপনাসমূহের অগ্নি নির্বাপণ ব্যবস্থার আধুনিকায়নের মাধ্যমে অগ্নিঝুঁকি কমিয়ে আনা।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান লক্ষ্যমাত্রাসমূহ:**

- বিভিন্ন উপকেন্দ্র/দপ্তর/স্টোর এবং আবাসিক কোয়ার্টারসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরীদের তদারকি জোরদার করা;
- নিরাপত্তা ব্যবস্থার আধুনিকায়নের লক্ষ্যে পর্যায়ক্রমে বিভিন্ন স্থাপনায় আর্চওয়ে, মেটাল ডিটেক্টর এবং ভেহিকল সার্চ মিররসহ অন্যান্য যন্ত্রপাতি অন্তর্ভুক্ত করা;
- আউটসোর্সিং এর মাধ্যমে নিরাপত্তা প্রহরী সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহ হতে চুক্তির শর্ত মোতাবেক নিরাপত্তা সেবা নিশ্চিত করা;
- বিভিন্ন এমপ্লয়ি কর্তৃক চাহিত আইডি কার্ড দ্রুততম সময়ের মধ্যে প্রস্তুত করতঃ সরবরাহ করা;
- সিসিটিভি সিস্টেম সব সময় সচল রাখা এবং সব দপ্তরে মনিটরিং ব্যবস্থা চালু করা;
- বায়োমেট্রিক ফিঙ্গার প্রিন্ট মেশিনসমূহ সচল রাখা এবং এমপ্লয়িদের হাজিরা প্রদান করতে সৃষ্ট অসুবিধাসমূহ দূর করা;
- অগ্নি নির্বাপণ যন্ত্রপাতিসমূহ সচল ও কার্যোপযোগী রাখার পাশাপাশি অগ্নি নির্বাপন ব্যবস্থার আধুনিকায়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহন করা
- বিভাগীয় সিকিউরিটি গার্ড এবং সিকিউরিটি সুপারভাইজরদের পেশাগত দক্ষতা বাড়ানোর লক্ষ্যে পর্যায়ক্রমে রিফ্রেশার কোর্স সম্পাদন করা।

❖ ডিজিএম (এইচ.আর), সিকিউরিটি দপ্তরের কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহঃ

| কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২০২৪ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] প্রতিষ্ঠানিক দক্ষতা, সক্ষমতা ও স্বচ্ছতা বৃদ্ধি করা। | [১.১] ভৌত নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ | [১.১.১] প্রয়োজনানুযায়ী নিরাপত্তা কর্মী পদস্থকরণ | % | ১৫ | - | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | [১.১.২] সীমানা প্রাচীরে কাঁটাতারের বেড়া, ওয়াচ টাওয়ার, গার্ডরুম ইত্যাদি প্রয়োজনানুযায়ী সংস্কার এবং স্থাপন করার উদ্যোগ গ্রহণ | % | ৪ | - | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | [১.১.৩] আর্চওয়ে, মেটাল ডিটেক্টর/ডিএসএম বা অন্যান্য যন্ত্রপাতির সাহায্য প্রবেশ নিয়ন্ত্রণ মজবুত করা | সংখ্যা | ২ | - | ০৪ | ০৩ | ০২ | ০১ | - |
| | [২.১] আইডি কার্ড | [২.১.১] চুক্তিভিত্তিক এমপ্লয়ীদের জন্য স্থায়ী পরিচয় পত্র (প্রক্সিমিটি) ইস্যু করা | দিন | ১০ | - | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ |
| | [৩.১] বায়োমেট্রিক ফিঙ্গারপ্রিন্ট মেশিন | [৩.২.১] এমপ্লয়ীদের ইলেক্ট্রনিক হাজিরা নিশ্চিত করার লক্ষ্যে মেশিনসমূহ সচল রাখার বিষয়ে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি করণ | দিন | ৫ | - | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ |
| | [৪.১] সার্ভেইল্যান্স সিস্টেম | [৪.১.১] প্রত্যেক স্থাপনায় সিসিটিভি সিস্টেম সচল বিষয়ে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি করণ | দিন | ৫ | - | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ |
| | | [৪.১.২] মোটর সাইকেলে ভেহিকল ট্র্যাকার ব্যবহার করে সিকিউরিটি সুপারভাইজরদের কার্যক্রম মনিটরিং করা | % | ৩ | - | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | [৫.১] জরুরী নিরাপত্তা সেবা | [৫.১.১] বিভিন্ন সামাজিক অনুষ্ঠান, নির্বাচন বা আন্তর্জাতিক দরপত্র আহ্বান ইত্যাদি প্রোগ্রামে পুলিশ/আনসার/নিরাপত্তা প্রহরী সরবরাহ করা | % | ৩ | - | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | [৬.১] অগ্নি নিরাপত্তা ব্যবস্থা | [৬.১.১] ফায়ার এক্সটিংগুইশার রিফিল ও রক্ষণাবেক্ষণ | % | ৫ | - | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | [৬.১.২] ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স অধিদপ্তরের সম্পৃক্ততায় অগ্নি নির্বাপণ মহড়া অনুষ্ঠান | সংখ্যা | ৫ | | ০৫ | ০৪ | ০৩ | ০২ | ০১ |
| | | [৬.১.৩] নিজস্ব ব্যবস্থাপনায় অগ্নি নির্বাপণ মহড়া অনুষ্ঠান | সংখ্যা | ৮ | - | ০৮ | ০৭ | ০৬ | ০৫ | ০৪ |
| | | [৬.১.৪] অটো ফায়ার এলার্ম, স্মোক ডিটেক্টর, হাইড্রেন্ট সিস্টেম স্থাপন | সংখ্যা | ৫ | - | ২৮ | ২৫ | ২০ | ১৫ | ১০ |
| | | মোট নম্বর | | ৭০ | | | | | | |

## ডিজিএম (এইচ.আর), সিকিউরিটি দপ্তরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

| কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা/নির্ণয়ক ২০২৩-২৪ | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম |
| | | | | | ১০০% | ৯০% | ৮০% |
| ১) কর্ম-পরিবেশ উন্নয়ন (অকেজো মালামাল অপসারণসহ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি | ১) কর্ম-পরিবেশে উন্নয়ন | (১) উন্নত কর্ম-পরিবেশ | সংখ্যা ও তারিখ | ৫ | ৫ | ৪ | ৩ |
| ২) দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ২.১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | (২.১.১) সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে অন জব প্রশিক্ষণ আয়োজিত | জন ঘন্টা | ২ | ৭০ | ৬৫ | ৬০ |
| | ২.২) জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | (২.২.১) জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ৪ | ১০০ | ৯০ | ৮০ |
| | ২.৩) শুদ্ধাচার সম্বলিত ব্যানার/ ফেস্টুন দপ্তরের দৃশ্যমান স্থানে প্রদর্শন | (২.৩.১) ব্যানার/ফেস্টুন প্রদর্শিত | সংখ্যা | ১ | ২ | ১ | - |
| ৩) কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবারমান বৃদ্ধি | ৩.১) ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | (১.১.১) ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ৫ | ১০০ | ৯০ | ৮০ |
| | | (১.১.২) ই-ফাইলে পত্র জারীকৃত | % | ৫ | ১০০ | ৯০ | ৮০ |
| | ৩.২) তথ্য বাতায়ন হালনাগাদকরণ | (১.২.১) সকল তথ্য হালনাগাদকরণ | % | ২ | ১০০ | ৯০ | ৮০ |
| ৪) আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৪.১) অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | (৩.১.১) ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | ৭০ | ৬৫ | ৬০ |
| | | (৩.১.২) অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৭০ | ৬৫ | ৬০ |
| | ৪.২) ইউটিলিটি বিল পরিশোধ | (৩.২.১) টেলিফোন ও মোবাইল বিল পরিশোধিত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ |
| | | (৩.২.২) বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ |
| | | মোট নম্বর | | ৩০ | | | |

আমি, ডেপুটি জেনারেল ম্যানেজার (এইচ.আর), সিকিউরিটি, ডিপিডিসি, নির্বাহী পরিচালক (আড্‌মিনিস্ট্রেইশন এন্ড এইচ.আর), ডিপিডিসি এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, নির্বাহী পরিচালক (আড্‌মিনিস্ট্রেইশন এন্ড এইচ.আর), ডিপিডিসি ডেপুটি জেনারেল ম্যানেজার (এইচ আর), সিকিউরিটি, ডিপিডিসি এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

28.07.2020          28.07.2026

ডেপুটি জেনারেল ম্যানেজার (এইচ আর)
সিকিউরিটি, ডিপিডিসি          তারিখ

28.07.2026

নির্বাহী পরিচালক (আড্‌মিনিস্ট্রেইশন এন্ড এইচ.আর), ডিপিডিসি          তারিখ